

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রফ্রন্টের কর্মসূচিতে পুলিশ ও ছাত্রলীগের হামলা : আহত ৬

জবি প্রতিনিধি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) সাক্ষ্যকালীন কোর্স বাড়িলের দাবিতে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের অবস্থান কর্মসূচিতে হামলা করেছে পুলিশ ও ছাত্রলীগ। শুক্রবার সকালে অর্ধনীতি বিভাগের সামনে এ ঘটনা ঘটে। ছাত্রফ্রন্টের দাবি, হামলায় তাদের কমপক্ষে ৬ জন নেতাকর্মী আহত হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, দাবি আদায়ের লক্ষ্যে শুক্রবার সকাল ৯টার দিকে অর্ধনীতি বিভাগের সামনে অবস্থান নেয় ছাত্রফ্রন্টের নেতাকর্মীরা। কর্মসূচি চলাকালে বিশ্ববিদ্যালয়ের অর্ধনীতি বিভাগের ছাত্রলীগ সভাপতি সিরাজ ও সাধারণ সম্পাদক মমিনের নেতৃত্বে ছাত্রলীগ নেতাকর্মীরা ছাত্রফ্রন্টের নেতাকর্মীদের ওপর হামলা চালায়। ছাত্রফ্রন্টের নেতাদের অভিযোগ, ওই সময় কোতোয়ালি থানা পুলিশও তাদের নেতাকর্মীদের মারধর করেছে।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর ড. নূর নোহাম্মাদ মুঠোফোনে যুগান্তরকে বলেন, ছাত্রফ্রন্টের নেতাকর্মীরা অর্ধনীতি বিভাগে শিক্ষক ও শিক্ষার্থীদের ক্লাসে প্রবেশে বাধা প্রদান করছিল। তাদের সেখান থেকে সরে যেতে বললে তারা প্রটরিয়াল বাড়ির সদস্যদের সঙ্গে খারাপ আচরণ করে। এ সময় সাধারণ শিক্ষার্থীদের সঙ্গে ধাক্কাধাক্কির ঘটনা ঘটে।

এদিকে হামলার প্রতিবাদে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট। সমাবেশে ছাত্রফ্রন্টের সভাপতি মাসুদ রানা বলেন, অর্ধনীতি বিভাগের শিক্ষক ড. আইনুল হক ও ইশতিয়াক সেদিকের মদদে ছাত্রলীগ হামলা চালিয়েছে। হামলাকারীদের গ্রেফতার ও শান্তির দাবি জানান তিনি। সমাবেশে সংগঠনের অন্যান্য নেতাকর্মীরাও বক্তব্য রাখেন।